চ্যান্সেলরের প্রবিধান

চ্যান্সেলরের প্রবিধান A-832
শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং,

কর্মচারী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং, অনুগ্রহ করে দেখুন

চ্যান্সেলরের প্রবিধান A-830
বেআইনি বৈষম্য/হয়রানির বিরুদ্ধে অভ্যন্তরীণ অভিযোগ দায়ের

চ্যান্সেলরের প্রবিধান A-420
শিক্ষার্থী আচরণ এবং শৃঙ্খলা - দৈহিক শাস্তি

চ্যান্সেলরের প্রবিধান A-421 শারীরিক শাস্তি

রিপোর্টের পর কী ঘটে?

বুলিং, হয়রানি, বৈষম্য অথবা ভীতিপ্রদর্শনমূলক আচরণের সকল রিপোর্ট তদন্ত করা হবে।

যেসব শিক্ষার্থী নিষিদ্ধ আচরণে লিপ্ত হবে, তারা 'সিটিওয়াইড বিহেভিওরাল এক্সপেকটেশন্স টু সাপোর্ট স্টুডেন্ট লারনিং' (ডিসিপ্লিন কোড) এবং চ্যান্সেলরের প্রবিধান A-443 অনুযায়ী যথাযথ হস্তক্ষেপ ও শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী হতে হবে।

যদি আচরণটি অপরাধমূলক কর্মকাণ্ড হয়, তাহলে পুলিশের সঙ্গে যোগাযোগ করা হবে।

স্টুডেন্ট সাপোর্ট

যদি যথাযথ হয়, আলাদা অথবা গ্রুপ কাউন্সেলিং, বাইরের কোন এজেন্সিতে প্রেরণ এবং/অথবা অন্যান্য সহায়তা প্রদান করা হবে।

NYC Department of Education

বিল ডি ব্লাজিও
মেয়র

রিচার্ড এ. কারানজা
চ্যান্সেলর

হয়রানি, বুলিইং, ভীতি-প্রদর্শন অথবা বৈষম্যমূলক আচরণের ঘটনা রিপোর্ট করা অথবা এসবের তদন্তে সহায়তার জন্য কারো বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণ নিষিদ্ধ। যেসব শিক্ষার্থী মনে করে যে, তারা প্রতিশোধের শিকার, তাদের অতিসত্বর স্কুল সুপারভাইজরের সাথে যোগাযোগ করা উচিত।

কীভাবে রিপোর্ট করতে হয় বা বাড়তি সহায়তা প্রয়োজন হলে, অনলাইনে অভিযোগ জমা দিন https://www.nycenet.edu/bullyingreporting ওয়েবসাইটে কিংবা

- অনুগ্রহ করে 718-935-2288 নম্বরে ফোন করুন।
- ইমেইল: RespectForAll@schools.nyc.gov
- আপনার স্কুলের কোন স্টাফকে জানান।

ইউএফটি ব্রেইভ হটলাইন (212-709-3222)
সোমবার – শুক্রবার দুপুর 2:30টা থেকে রাত 9:30টা

T&I-29604 RFA Brochure April 2019 (Bengali/Bangla)

গোপনীয়তা: এনওয়াইসি পাবলিক স্কুলগুলির নীতি হচ্ছে এই নীতির আওতায় আনীত অভিযোগের সকল পক্ষ এবং সাক্ষীর গোপনীয়তা রক্ষা করা। তথাপি, কখনও কখনও, কোন অভিযোগের সমাধান করতে আমাদের তথ্য শেয়ার করতে হতে পারে। অতএব, অভিযোগ সম্পর্কিত তথ্য যথাযথ পরিস্থিতিতে যেসব ব্যক্তির জানা প্রয়োজন কিংবা আইন অনুযায়ী করতে হয়, তাদের কাছে প্রকাশ করা হবে।

নিউ ইয়র্ক সিটি
ডিপার্টমেন্ট অভ এডুকেশন

সবার প্রতি শ্রদ্ধা

সকল শিক্ষার্থীর জন্য এনওয়াইসি পাবলিক স্কুলগুলোকে নিরাপদ এবং সহায়ক করা

সবার প্রতি শ্রদ্ধা
স্থান
এনওয়াইসি পাবলিক স্কুল

প্রত্যেক শিক্ষার্থী, এবং স্কুলকর্মী সদস্য আমাদের সিটির পাবলিক স্কুল কম্যুনিটির সাংস্কৃতিক বৈচিত্র্যকে সমৃদ্ধ করে এবং মর্যাদা লাভের আকাঙ্ক্ষাকে জোরদার করেন।

ডিপার্টমেন্টের নীতি হচ্ছে একটি নিরাপদ ও শিখন সহায়ক পরিবেশ বজায় রাখা যা প্রকৃত অথবা ধারণাকৃত জাতি, বর্ণ, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, কৃষ্টি, জাতীয় সূত্র, প্রতিবন্ধিতা, জাতিগত পরিচয়, লিঙ্গ, লৈঙ্গিক পরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন অগ্রাধিকার, অথবা ওজনের ভিত্তিতে পক্ষপাতদুষ্ট হয়রানি, ভীতিপ্রদর্শন, এবং অথবা নিগ্রহ মুক্ত। এই নীতি শিক্ষার্থী কর্তৃক অপর শিক্ষার্থী এবং কর্মচারী কর্তৃক শিক্ষার্থীদের বিরুদ্ধে এ ধরনের আচরণ নিষিদ্ধ করে।

মর্যাদা: একজন ব্যক্তির মর্যাদা অথবা তার মূল্য অথবা শ্রেষ্ঠত্ব সম্পর্কে ধারণা; যথাযথ গ্রহণযোগ্যতা অথবা ভদ্রতা; অন্যের চরিত্র সম্পর্কে মর্যাদা ব্যক্ত করা; স্বীকৃতি; মর্যাদাপূর্ণ অথবা সম্মানজনক অবস্থা; অন্যের জন্য শ্রদ্ধা অথবা বিবেচনা প্রদর্শন।

স্কুলে, স্কুলের সময়ে, স্কুলের আগে বা পরে, স্কুলের সম্পত্তিতে থাকাকালে, স্কুল আয়োজিত অনুষ্ঠানে অথবা ডিপার্টমেন্ট অভ এডুকেশন অর্থায়িত যানবাহনে যাতায়াতের সময়ে এধরনের বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং নিষিদ্ধ।

এটি স্কুল ব্যতীত অন্য সম্পত্তিতেও নিষিদ্ধ যখন এধরনের আচরণ শিক্ষা প্রক্রিয়ায় ব্যাঘাত ঘটায় বা স্পষ্টত ব্যাঘাত ঘটাবে কিংবা স্কুল কম্যুনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নৈতিকতা বা কল্যাণ বিপদগ্রস্ত করে বা স্পষ্টত বিপদগ্রস্ত করবে।

চ্যান্সেলরের প্রবিধান এবং শৃঙ্খলা বিধির একটি কপি প্রিন্সিপ্যালের অফিসে পাওয়া যাবে এবং অনলাইনে https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-831-english ঠিকানায় মিলবে।

নিষিদ্ধ আচরণের কয়েকটি উদাহরণ?

বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং নানা ধরনের এবং শারীরিক, সামাজিক, মৌখিক অথবা লিখিত হতে পারে। **শারীরিক** হয়রানিতে শারীরিক জখম অথবা জখমের হুমকি জড়িত। সামাজিক হয়রানি বলতে ব্যক্তিকে অপদস্থ বা বিচ্ছিন্ন করার জন্য সহপাঠী কর্তৃক প্রত্যাখ্যান বা বর্জনকে বোঝায়। **মৌখিক** হয়রানি বলতে কারও মর্যাদাহানিকর ব্যঙ্গ, বিদ্রূপ, বা অপমান বোঝায়। **লিখিত**বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিংয়ের অন্তর্গত তথ্য প্রযুক্তি ব্যবহার করে বৈদ্যুতিন যোগাযোগ(সাইবার-বুলিং) যার মধ্যে আছে তবে এতেই সীমিত নয়: ইন্টারনেট, সেলফোন, ইমেইল, পার্সোনাল ডিজিটাল অ্যাসিস্ট্যান্ট, সোশাল মিডিয়া, ব্লগ, চ্যাট রুম, এবং গেমিং সিস্টেম।

কয়েকটি উদাহরণের মধ্যে আছে:

- শারীরিক সহিংসতা; ওঁত পাতা;
- অপরকে ক্ষতি করার হুমকি দেয় এমন মৌখিত অথবা শারীরিক আচরণ;
- কোন শিক্ষার্থী বা কর্মচারীকে কিছু করার জন্য বলপ্রয়োগ করা বা বাধ্য করা; দীক্ষা;
- গালমন্দ করা; অপদস্থ বা বিচ্ছিন্ন করার উদ্দেশ্যে সহপাঠীদের দল থেকে বাদ দেয়া;
- অপদস্থ বা হয়রানি করার জন্য মর্যাদা হানিকর ঠাট্টা বা গালি;
- একটি নাম বা সম্বোধনসূচক শব্দ ব্যবহার করে কিংবা কারও নাম উচ্চারণ করে, শিক্ষার্থীর জাতি, বর্ণ, জাতিগত পরিচয়, ধর্ম, কৃষ্টি, রাষ্ট্রিক পরিচয়, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ওজন, অথবা প্রতিবন্ধিতার ভিত্তিতে অবমাননাকর বিবৃতি অথবা বিদ্বেষী কর্মকাণ্ডে জড়িত হওয়া;
- লিখিত অথবা গ্রাফিক সামগ্রী, যার অন্তর্গত গ্রাফিতি, মন্তব্য অথবা স্টেরিওটাইপ যা পোস্ট করা হয়েছে, বা কাপড়ে লেখা কিংবা মুদ্রিত হয়েছে বা ইন্টারনেটে পোস্ট করা হয়েছে (সাইবার-বুলিং) যা অন্যদের জন্য অবমাননাকর; ব্যক্তির জাতি, বর্ণ, জাতিগত পরিচয়, ধর্ম, কৃষ্টি, রাষ্ট্রিক পরিচয়, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ওজন, অথবা প্রতিবন্ধিতার ভিত্তিতে এধরনের আচরণে জড়িত হওয়া।

আপনি যদি বিশ্বাস করেন কোন শিক্ষার্থী বা কর্মচারী আপনাকে হয়রানি করেছে, বুলি করেছে অথবা বৈষম্য করেছে বা এমন আচরণ প্রত্যক্ষ করেছেন তাহলে কী করবেন?

যেসব শিক্ষার্থী বিশ্বাস করে তারা অন্য কোন শিক্ষার্থী বা কর্মচারী কর্তৃক বুলি বা ভীতিমূলক আচরণ, হয়রানি অথবা বৈষম্যের শিকার হয়েছে, এবং যেসব শিক্ষার্থীর কাছে এধরনের আচরণল তথ্য রয়েছে তাদের উচিত ঘটনাটি অবিলম্বে রিপোর্ট করা।

- একজন শিক্ষার্থী কোন শিক্ষার্থী কর্তৃক বুলি, ভীতিপ্রদর্শন, বৈষম্য বা হয়রানিরশিকার হওয়ার অভিযোগ আপনার স্কুলের সর্বত্র প্রদর্শিত **সকলকে সম্মান** পোস্টারের পেছেনে উল্লিখিত স্কুল কর্মচারীদের কাছে লিখিত বা মৌখিকভাবে করতে পারে।
- একজন শিক্ষার্থীকর্মচারী-কর্তৃক-শিক্ষার্থী হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করার ঘটনা প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অথবা অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশনকে অবহিত করতে পারে।
- একজন শিক্ষার্থী জাতি, বর্ণ, জাতিগত পরিচয়, ধর্ম, কৃষ্টি, রাষ্ট্রিক পরিচয়, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ওজন, অথবা প্রতিবন্ধিতার ভিত্তিতে কর্মচারী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য করার অভিযোগ প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অথবা অফিস অভ ইকুয়াল অপরচুনিটিকে রিপোর্ট করতে পারে।
- ঘটনার পর যথা শীঘ্র রিপোর্ট করা উচিত যাতে কার্যকরভাবে তদন্ত করা এবং সমাধান করা যায়।
- স্টাফদের যিনি হয়রানি, বৈষম্য, বুলি এবং/অথবা ভীতি-প্রদর্শনমূলক আচরণ করা চাক্ষুষ প্রত্যক্ষ করেছেন বা জানতে পেরেছেন, তিনি এ ধরনের আচরণ বন্ধ করার জন্য যেসব যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন, তার মধ্যে আছে এক স্কুল দিবসের মধ্যে দ্রুত ঘটনাটি যথাযথ স্কুল কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করা।

শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর হয়রানি, বুলিইং, অথবা বৈষম্যের সকল অভিযোগের ব্যাপারে নির্দিষ্ট স্কুল কর্মীদের জন্য প্রদত্ত আপনার স্কুলের বিভিন্ন জায়গায় প্রদর্শিত সবার প্রতি শ্রদ্ধার পোস্টারগুলো অনুগ্রহ করে দেখুন।